দৈনিক সংবাদ

তারিখ 28 DEC 1998
পৃষ্ঠা ৪ কলাম ৭

৩৫

## স্বরাষ্ট্রমন্ত্রী, শিক্ষামন্ত্রী সমীপে আকুল আবেদন

গত ৬-১০-৯৮ তারিখে 'সংবাদ'-এ প্রকাশিত জমির দলিল জালকারীদের অত্যাচারে অতিষ্ঠ ও চাঁদাবাজি এবং শিক্ষা মন্ত্রণালয়ের কিছু অসৎ সরকারি কর্মচারীর সহযোগিতায় কলেজের নামে অনুদান হিসেবে বিপুল পরিমাণে সরকারি টাকার ব্যবস্থা করিয়াছে এবং অনুদানের টাকা নিজেদের মধ্যে ভাগাভাগি প্রক্রিয়া সম্পন্ন করে রেখেছে যা গত ৬-১০-৯৮ তারিখে 'সংবাদ'-এ চিঠিপত্র কলামে প্রকাশিত হয় এবং স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয় ও শিক্ষামন্ত্রী মহোদয়-এর নিকট অভিযোগনামা প্রেরণ করি কিন্তু দুঃখের বিষয় মন্ত্রী মহোদয় হতে আমরা নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানাধীন দেলপাড়া গ্রামের গ্রামবাসিগণ কোন রকম সহযোগিতা পাইনি এবং কোনরকম তদন্ত হয়নি।

বর্তমানে সরকার সিন্ডিকেট- এর সদস্যগণ হাজী মিছির আলী কলেজ-এর নামে নিরীহ সাধারণ জনগণকে ভয়ভীতি দেখাইয়া চাঁদা আদায়ের কাজে আর জোরতরভাবে লিপ্ত রয়েছে।

বর্তমানে প্রভাবশালী নেতা সন্ত্রাসী কর্মকাণ্ডের নায়ক হিসেবে পরিচিত জনৈক ব্যক্তি, নিজেকে সমাজ সেবক ও জমির দালাল পরিচয় দানকারী বিভিন্ন সময় সরদার সিন্ডিকেট-এর এজেন্ট মারফত নিজেকে ব্যবসায়ী, সমাজসেবক ও দানশীল পরিচয় দানকারী উক্ত ব্যক্তি ফতুল্লা থানাধীন দেলপাড়া গ্রামে অবস্থিত হাজী মিছির আলী কলেজ-এর নামে টাকা আদায় করার নতুন ফন্দি এঁটেছে ১লা রোজার দিন ফতোয়া জারি করেছে যে যাকাত-এর টাকা কলেজে দান করতে হবে। জাকাত ও ফেতরার টাকা কলেজে দান করলে অধিক শোয়াব পাওয়া যাবে বলে ফতোয়া জারি করেছে।

বর্তমানে ফতুল্লা থানাধীন দেলপাড়া গ্রামে অবস্থিত হাজী মিছির আলী কলেজ-এর নামে ভয়ভীতি দেখিয়ে জোর করে চাঁদা আদায়, সন্ত্রাসী কর্মকাণ্ড করিয়া প্রভাবশালী নেতার সহযোগিতায় জমির দলিল জাল করিয়া ও ভূয়া আম-মোক্তারনামা সৃষ্টি করে ও ফতোয়া জারি করে জাকাত ও ফেতরার টাকা দান করতে হবে বলে ভয় দেখিয়ে ত্রাসের রাজত্ব কায়েম করেছে এবং বেআইনীভাবে ৫০/৫৫ লাখ টাকা কামিয়েছে। প্রভাবশালী নেতার বক্তব্যে সব সময় বলে পুলিশ আমার পকেটে, থানার কর্মকর্তার সঙ্গে সুসম্পর্ক বজায় রেখে সন্ত্রাসী, চাঁদাবাজি ও বিভিন্ন অবৈধ কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে পুলিশ বাহিনী নীরব ভূমিকা পালন করছে ও বর্তমানে পুলিশ সন্ত্রাসী চাঁদাবাজদের সহযোগিতা করছে তাই আমরা ফতুল্লা থানা এলাকাবাসী আতঙ্ক গ্রস্ত।

এমতাবস্থায় মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ও শিক্ষামন্ত্রীর কাছে আমাদের আকুল আবেদন, দয়া করে এ ব্যাপারে সরজমিনে তদন্তপূর্বক অপরাধীদের শাস্তিবিধান করত সরকারের ও জনগণের কোটি কোটি টাকার সম্পত্তি ও চাঁদাবাজি এবং ফতোয়াবাজদের অন্যায় জুলুম ও সন্ত্রাসী কর্মকাণ্ড হতে নিরীহ নাগরিকদের অন্যায় জুলুমের হাত থেকে রক্ষা করুন। সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছি।

লুৎফর রহমান (খোকা)
গ্রামঃ দেলপাড়া, থানাঃ ফতুল্লা,
নারায়ণগঞ্জ।